

বিএডিসিতে যথাযোগ্য মর্যাদায় ৫৩তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন



২৬ মার্চ ২০২৩ তারিখ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(বিএডিসি)তে যথাযোগ্য মর্যাদায় ভাবগাম্ভীর্যে ৫৩তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন করা হয়। জাতীয় দিবস উপলক্ষ্যে বিএডিসি'র কৃষি ভবন, সেচ ভবন, বীজ ভবন এবং বিএডিসি'র আওতাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহ ও শিক্ষা প্রতিষ্ঠানে সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা সূর্যোদয়েরসাথে সাথে উত্তোলন করা হয়। দিবসটি উপলক্ষ্যে বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি এর নেতৃত্বে জাতীয় পতাকা উত্তোলনের পর কৃষি ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ম্যুরালে শ্রদ্ধাজ্ঞাপন করা হয়। বিএডিসি'র চেয়ারম্যান এ সময় মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। আলোচনায় তিনি বলেন যে, বঙ্গবন্ধু এমন একজন অবিসংবাদিত নেতা যার সঙ্গে কারো তুলনা চলেনা। ছাত্র জীবন থেকে শুরু করে জীবনের সকল পর্যায়েই স্বাধীন বাংলাদেশ অর্জন করতে যতগুলো সংগ্রাম অতিক্রম করতে হয়েছে প্রতিটি ক্ষেত্রে তার ভূমিকা ছিল অপরিসীম ও অতুলনীয়। তারই সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে প্রত্যেকটি ক্ষেত্রে দেশের আনাচে কানাচে উন্নয়নের জোয়ার বইছে। তাঁর নেতৃত্ব বাঙ্গালি জাতির জন্য পরম সৌভাগ্য বলে মতামত ব্যক্ত করেন।

পরে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণ করে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। দিবসটি উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের নেতৃত্বে বিএডিসি'র প্রতিনিধিবর্গ সাভারে অবস্থিত জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন।

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি এর নির্দেশনায় বিএডিসি'র কৃষি ভবন, সেচ ভবন ও বীজ ভবনে আলোকসজ্জা করা হয় এবং কৃষি ভবন বিভিন্ন রং এর পতাকা দ্বারা শোভিত করা হয়। এ দিবসে বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় কর্মসূচির সঙ্গে সজ্জাতি রেখে ছাত্র-ছাত্রীদের সমাবেশ, জাতীয় সংগীত পরিবেশন এবং বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়। জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি এবং স্বাধীনতায়ুদ্ধের সকল শহীদের আত্মার মাগফেরাত কামনা করে ২৬ মার্চ বিএডিসি'র আওতাধীন মাঠ পর্যায়ের সকল মসজিদে মোনাজাত এবং অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা করা হয়। বিএডিসি'র চেয়ারম্যানের নির্দেশে শেখানীয়ে জেলা ও উপজেলা প্রশাসন আয়োজিত মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের অনুষ্ঠানে বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন।